

ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ড পেল চার শিক্ষার্থী

| প্রকাশিত : ১১ ডিসেম্বর ২০১৮, ১৬:০২

এশিয়া ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ড পেল দেশের চার শিক্ষার্থী। এদের মধ্যে দুজন সিঙ্গাপুরে অনুষ্ঠিত ‘এ ওয়াই ডি এ সামিট’র চূড়ান্ত পর্বে অংশ নিচ্ছেন। এরা হলেন ব্রাক বিশ্ববিদ্যালয়ের হামিদা আশরাফি এবং বুয়েটের আসফিয়া ইসলাম।

শুক্রবার সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেয়া হয়। প্রতিযোগিতায় দেশের ১০টি বিশ্ববিদ্যালয়ের ১৩০ জন শিক্ষার্থী অংশ নেয়।

এশিয়া ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ড পাওয়া চার শিক্ষার্থীর মধ্যে স্থাপত্য এবং ইন্টেরিওর ডিজাইনিং বিভাগের প্রজেক্ট নিয়ে দুইটি ক্যাটাগরিতে দুইজনকে গোল্ড পুরস্কার দেয়া হয়। যার মূল্যমান ৫০ হাজার টাকা।

এছাড়াও দুইটি ক্যাটাগরিতে দুইজনকে নগদ পচিশ হাজার টাকার সিলভার পুরস্কার দেওয়া হয়।

বিজয়ী দুই বিভাগের গোল্ড পুরস্কার প্রাপ্তরা আগামী বছরের মার্চে সিঙ্গাপুরে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। অংশ নেবেন ‘এ ওয়াই ডি এ সামিট’ এর চূড়ান্ত পর্বে। এতে বাংলাদেশসহ ১৫ টি দেশের গোল্ড অ্যাওয়ার্ড প্রাপ্তরা প্রতিযোগিতা করবেন।

প্রতিযোগিতায় জুরি বোর্ডের সদস্য ছিলেন, স্থপতি খাদেম আলী, বুয়েটের অধ্যাপক কাজী আজিজুল মওলা, স্থপতি এন. আর. খান, স্থপতি আ ফ ম মহিউদ্দিন আকন্দ সম্মানিত জুরি সদস্য হিসেবে উপস্থিত ছিলেন।

বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন নিপপন পেইন্ট বাংলাদেশ প্রাইভেট লিমিটেডের গ্রুপ জেনারেল ম্যানেজার গ্ল্যাডিস গোহ।

(ঢাকাটাইমস/১১ডিসেম্বর/এজেড)